

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫২১

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৩) রকৃ'-সিজদায় ইমামের আগে মুক্তাদীর মাথা উঠানোর ব্যাপারে ভীতি প্রদর্শন

الترهيب من رفع المأموم رأسه قبل الإمام في الركوع والسجود

আরবী

) (صحيح) عن أبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَمَا يَخْشَى أَحْدُكُمْ أَوْ لَا يَخْشَى أَحَدُكُمْ إِذَا رَفَعَ رَأْسَهُ قَبْلَ الْإِمَامِ أَنْ يَجْعَلَ اللَّهُ رَأْسَهُ رَأْسَ وَبُلْ الْإِمَامِ أَنْ يَجْعَلَ اللَّهُ رَأْسَهُ رَأْسَ وَاللهِ مَا مِ أَنْ يَجْعَلَ اللَّهُ صَنُورَتَهُ صَنُورَةَ حِمَارٍ. رواه البخاري ومسلم وأبو داود والترمذي والنسائي

বাংলা

৫২১. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ "সে লোক কি ভয় করে না যে, ইমামের আগে রুকূ' বা সিজদা থেকে মাথা উঠালে আল্লাহ্ তার মাথাটা গাধার মাথায় রূপান্তরিত করে দিবেন অথবা তার আকৃতিকে গাধার আকৃতিতে পরিবর্তন করে দিবেন?

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৬৯১, মুসলিম ৪২৭, আবু দাউদ ৬২৩, তিরমিয়ী ৫৮২, নাসাঈ ২/৯৬ ও ইবনে মাজাহ ৯৬১)

ইমাম খাত্তাবী বলেন, 'যে লোক এরূপ কাজ করবে তার পরিণতি সম্পর্কে মতভেদ হয়েছে। ইবনে ওমার (রাঃ) থেকে বর্ণিত হয়েছে তিনি বলেন, ''এরূপ যে করবে তার নামায হবে না।'' অধিকাংশ উলামায়ে কেরাম বলেন, 'সে ভুল করবে কিন্তু তার নামায যথেষ্ট হয়ে যাবে।' অবশ্য অনেকে বলেন, সে পুনরায় সিজদা করবে। আবার কেউ বলেন, সে যতটুকু কাজ ইমামের আগে করেছে, ইমামের মাথা উঠানোর পর ততটুকু সময় দেরী করে মাথা উঠাবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন